# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলাদেশ ও বিশ্বপরিচয়** বিষয় কোড : | ১ | ৫ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট; মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** কবির শহরে বাস করে। সেখানে সে তার পরিবারের সাথে থাকে। কিন্ডারগার্টেনে তাকে অনেক বই পড়তে হয়। নগর জীবনের অনেক সুযোগ সুবিধা সে ভোগ করে। অন্যদিকে তার চাচাত ভাই মুকুল তার সমবয়সী। সে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পড়ে।

ক. সমাজের সবচেয়ে আদি প্রতিষ্ঠান কোনটি? ১

খ. নয়াবাস পরিবার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কবিরের সামাজিকীকরণের বিভিন্ন উপাদানের প্রভাব ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে কবির ও মুকুলের সামাজিকীকরণের উপাদানগুলোর প্রভাব ভিন্ন— কথাটি বিশ্লেষণ কর। ৪

**২.▶** মোক্তারপুর ইউনিয়নে চার ডাকাতের উপদ্রবে ইউনিয়নবাসী অতিষ্ঠ। স্থানীয় হাই স্কুল মাঠে সকলে সমবেত হয়েছিল আমজাদ মাস্টারের ডাকে। সবার মুখে এখন একই কথা 'জান থাকতে ধন মাল দেবো না।' দলে দলে সবাই ঐক্যবদ্ধ হয়ে নিজেদের দা-বটি দিয়েই চোর ডাকাত প্রতিহত করেছে।

ক. কত তারিখ মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে? ১

খ. ছয় দফাকে বাঙালির মুক্তির সনদ বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের সাথে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের কোন অংশটির তুলনা করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. পাকিস্তানিদের বৈষম্যমূলক আচরণই স্বাধীন বাংলাদেশের জন্ম দিয়েছিল উক্তিটি মূল্যায়ন কর। ৪

**৩.▶** তিথি ও তার বন্ধুরা স্কুলে তোড়া ও পুষ্পস্তবক নিয়ে সারিবদ্ধভাবে এগিয়ে যাচ্ছে। সকলে গাইছে, আমার ভাইয়ের রক্তে রাঙানো গানটি। এ দিনটি তারা প্রতিবছর এভাবেই পালন করে।

Teachingbd.com

http://teachingbd.com

ক. ২১ দফার প্রথম দফাটি লেখ। ১
খ. ৬৯-এর গণঅভ্যুত্থানের কারণ কী ছিল? ২
গ. উদ্দীপকে যে আন্দোলনের ইঙ্গিত রয়েছে তার পটভূমির বর্ণনা কর। ৩
ঘ. 'উক্ত ঘটনা বাঙালির মধ্যে জাতীয়তাবাদের চেতনা জাগ্রত করে।'— বিশ্লেষণ কর। ৪

৪.▶ শিক্ষক ২০১১ সালে জাপানের একটি দুর্যোগের কথা বলছিলেন। আর শিক্ষার্থীরা আগ্রহ নিয়ে তা শুনছিল। তিনি জানান সমুদ্র তীরের একটি শহর প্রবল স্রোতে ভেসে যেতে থাকল। বাড়ি গাড়ি সেই স্রোতের কাছে কিছু মনে হলো না।

ক. ভূমিকম্প কাকে বলে? ১
খ. ভূমিকম্পের যেকোনো একটি কারণ ব্যাখ্যা কর। ২
গ. কীসের ফলাফল হিসেবে উপরিউক্ত ঘটনা ঘটেছিল? ৩
ঘ. 'যথাযথ ব্যবস্থার মাধ্যমে এ ধরনের ক্ষয়ক্ষতি হ্রাস করা সম্ভব।'— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

Teachingbd.com

৫.▶ নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. পঞ্চদশ সংশোধনী অনুযায়ী জাতীয় সংসদের সদস্যসংখ্যা কত? ১
খ. রাষ্ট্রপতির জরুরি ক্ষমতাগুলো কী কী? ২
গ. উদ্দীপকে আইন বিভাগ শাসন বিভাগকে নিয়ন্ত্রণ করে কীভাবে? আলোচনা কর। ৩
ঘ. 'বিচার বিভাগ একটি দেশের ন্যায় বিচারের মানদণ্ড।'— ব্যাখ্যা কর। ৪


http://teachingbd.com

৬.▶ নিচের ছকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য? ১
খ. জাতিসংঘের স্থায়ী সদস্যগুলোর নাম লেখ। ২
গ. ? চিহ্নিত স্থানের সংস্থাটি সৃষ্টির পটভূমি ব্যাখ্যা কর। ৩
ঘ. জাতিসংঘে বাংলাদেশের শান্তিরক্ষী বাহিনীর ভূমিকা বর্ণনা কর। ৪

৭.▶ নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. বাণিজ্যিক ব্যাংক কয়ভাবে আমানত গ্রহণ করে? ১
খ. বিশেষ আর্থিক প্রতিষ্ঠান কী? ২

http://teachingbd.com

গ. উদ্দীপকের ছকে প্রদর্শিত প্রথম প্রতিষ্ঠানটির কাজ বর্ণনা কর। ৩

ঘ. 'ছকে প্রদর্শিত প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশের দারিদ্র্য বিমোচন ও স্বকর্মসংস্থানে ভূমিকা রাখছে।"— উক্তিটির সঙ্গে একমত হলে যুক্তি দেখাও। ৪

**৮.** ▶ মাহিন একজন বড় ব্যবসায়ীর ছেলে। তার কোনো কিছুর অভাব নেই। কিন্তু চারপাশে দুঃস্থ মানুষদের দেখে তার খুব কষ্ট হয়। সে চিন্তা করে কীভাবে মানুষের কল্যাণ করা যায়। কীভাবে ন্যায়সঙ্গত উৎপাদন ও বণ্টন নিশ্চিত করা যায়। সে এ ব্যাপারে তার পিতার সাথে আলোচনা করলে তিনি তাকে সব ধরনের অর্থ ব্যবস্থার সুবিধা অসুবিধা বুঝিয়ে বলেন।

ক. সম্পদকে কয়ভাগে ভাগ করা যায় ও কী কী? ১

খ. ধনতান্ত্রিক অর্থব্যবস্থার দুটি বৈশিষ্ট্য উল্লেখ কর। ২

গ. যে অর্থ ব্যবস্থায় মাহিনের চিন্তা বাস্তবায়িত হতে পারে বলে তুমি মনে করো সেটি বর্ণনা কর। ৩

ঘ. তুমি মাহিনের মতো সচেতনতার সাথে চিন্তা করে যে অর্থ ব্যবস্থাটি সমর্থন করো সেটির সমর্থনে যুক্তি দেখাও। ৪

**৯.** ▶ রহিমা খাতুন একটি গরিব পরিবারের মেয়ে। গ্রামের অশিক্ষিত ও মাদকাসক্ত একটি ছেলের সাথে তার বিয়ে হয়। তার স্বামী নেশাগ্রস্ত হয়ে প্রায়ই রহিমা খাতুনকে মারধর করে। নেশার টাকা জোগাড়ের জন্য প্রায়ই তার স্বামী তাকে অনৈতিক কাজ করতে বলে। কিন্তু রহিমা খাতুন এতে রাজি হতেন না।

ক. HIV এর পূর্ণরূপ লেখ। ১

খ. এইডসের কারণ কী? ২

গ. এইডস প্রতিরোধের উপায় বর্ণনা কর। ৩

ঘ. রহিমা খাতুনের স্বামীর আচরণে নারীর প্রতি সহিংসতার কোন প্রকৃতি প্রকাশ পেয়েছে— ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বিষয় কোড: | ১ | ৫ | ০ |

১. সূর্যের উপরিভাগের উষ্ণতা কত ডিগ্রী সেলসিয়াস?
ক ৫৫৭০০　খ ৩৬০০০
গ ৫৮০০০　ঘ ৫৭০০০

২. কোন দিন সূর্যের দক্ষিণায়নের শেষ দিন?
ক ২২ মার্চ　খ ২১ জুন
গ ২২ জুন　ঘ ২২ ডিসেম্বর

৩. কোন শক্তির আকর্ষণে বায়ুমণ্ডল ভূ-পৃষ্ঠের সঙ্গে লেপ্টে থাকে?
ক মহাকর্ষণ　খ মাধ্যাকর্ষণ
গ অভিকর্ষ　ঘ আনবিক

৪. বাংলাদেশের পার্বত্য অঞ্চলের জলবায়ু কেমন?
ক উষ্ণ　খ আর্দ্র
গ উষ্ণ ও আর্দ্র　ঘ শুষ্ক

৫. লালমাই অঞ্চলের মাটিতে কীসের মিশ্রণ দেখা যায়?
ক কলির　খ কঙ্করের
গ নুড়ির　ঘ নুড়ি, বালি ও কঙ্করের

৬. নেপালের বার্ষিক গড় বৃষ্টিপাত কত সে. মি.?
ক ১৩৫　খ ১৩৮
গ ১৪০　ঘ ১৪৫

৭. বাংলাদেশের অনেকগুলো নদী নাব্যতা হারাচ্ছে। এর কারণ কী?
i. পানি প্রবাহ বেড়ে যাওয়া
ii. পানি প্রবাহ কমে যাওয়া
iii. নদীর গতিপথ পরিবর্তন হওয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii
গ i　ঘ iii

৮. তৎকালীন পাকিস্তানে মোট জনসংখ্যার কত শতাংশ বাঙালি ছিল?
ক ৫৬　খ ৫৮
গ ৬৮　ঘ ৭০

৯. তদানীন্তন পাকিস্তানে মৌলিক গণতন্ত্রের প্রবর্তন করেন কে?
ক আইয়ুব খান　খ ইস্কান্দার মীর্জা
গ মোঃ আলী জিন্নাহ　ঘ ড. জিয়াউদ্দীন আহমেদ

১০. স্বাধীনতার পূর্বে পাকিস্তানে প্রেসিডেন্টের সচিবালয়ে অবাঙালি কর্মকর্তার সংখ্যা ছিল ১৯%। এই চিত্র কোন ধরনের বৈষম্যের প্রতি ইঙ্গিত করে?
i. প্রশাসনিক　ii. সামরিক
iii. অর্থনৈতিক
নিচের কোনটি সঠিক?
ক i　খ ii
গ i ও ii　ঘ iii

১১. ভেটো শব্দের অর্থ কী?
ক সমর্থন
খ বিরোধিতা করা
গ অসহযোগিতা করা
ঘ প্রতিবাদ করা

১২. ১০ এপ্রিল মুজিবনগর সরকার বাংলাদেশকে কয়টি সামরিক জোনে ভাগ করে?
ক ৩　খ ৪
গ ৭　ঘ ১১

১৩. কত সালে বাংলাদেশের প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়?
ক ১৯৭২　খ ১৯৭৪
গ ১৯৭৩　ঘ ১৯৭৫

১৪. আমাদের দেশে এক সময় পরিবারের বৈশিষ্ট্য কী ছিল?
ক একক পরিবার　খ যৌথ পরিবার
গ অণু পরিবার　ঘ কোনোটিই নয়

১৫. বিষয় সম্পত্তি কীভাবে এক প্রজন্ম থেকে অন্য প্রজন্মে স্থানান্তরিত হয়?
ক দান সূত্রে　খ পাওনা সূত্রে
গ ভোগ দখলের সূত্রে　ঘ উত্তরাধিকার সূত্রে

১৬. বাংলাদেশ কত সালে জাতিসংঘের সদস্য পদ লাভ করে?
ক ১৯৭২　খ ১৯৭৩
গ ১৯৭৪　ঘ ১৯৭৫

**উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**

সরকারের বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনার জন্য বিভিন্ন অধিদপ্তর রয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রণীত নীতি অনুযায়ী এই অধিদপ্তরগুলো কাজ করে।

১৭. অধিদপ্তরের প্রধানকে কী বলা হয়?
ক মহাপরিচালক　খ সচিব
গ উপসচিব　ঘ যুগ্ম সচিব

১৮. শিক্ষা অধিদপ্তর কোন বিষয়ে কাজ করে থাকে?
ক শিক্ষা সংক্রান্ত
খ সাধারণ শিক্ষা ও গণশিক্ষা বিষয়ক কাজ
গ বৃত্তিমূলক ও কর্মসূচি সংক্রান্ত
ঘ উচ্চ শিক্ষা সংক্রান্ত

১৯. ১৯৯৬ সালের ১২ জুন কততম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়?
ক ৭ম　খ ৮ম
গ ৯ম　ঘ ১০ম

২০. সংসদ নির্বাচনের সুবিধার জন্য সমগ্র বাংলাদেশকে কয়টি নির্বাচনি এলাকায় ভাগ করা হয়?
ক ১৫০　খ ২০০
গ ৩০০　ঘ ৪০০

২১. জাতিসংঘের সাধারণ পরিষদের ৪১তম অধিবেশনে সভাপতিত্ব করেন কে?
ক সাইফুর রহমান
খ কাজী জাফর
গ হুমায়ুন রশীদ চৌধুরী
ঘ হুসাইন মোঃ এরশাদ

২২. বিশ্বসভ্যতার বিশেষ বৈশিষ্ট্য কী?
i. সব সভ্যতাই নদীর তীরে ব্যবসাকেন্দ্রিক
ii. সাগরের তীরে বসবাস
iii. পাহাড়ি অঞ্চলে বসবাস
নিচের কোনটি সঠিক?
ক i　খ i ও ii
গ i ও iii　ঘ ii ও iii

Teachingbd.com

২৩. নাগরিক শিক্ষিত হলে তাদের মাঝে কী পরিলক্ষিত হয়?
ⓚ দক্ষতা ⓚ বুদ্ধিমত্তা

(ক) দক্ষতা (খ) বুদ্ধিমত্তা
(গ) সচেতনতা ও দেশপ্রেম
(ঘ) প্রশাসনিক অভিজ্ঞতা

২৪. মি. লিংকন 'ক' নামক দেশে প্রায় ১৫ বছর যাবৎ বসবাস করছেন। তার বয়স ৩৫ বছর। দেশটিতে আইন সভার সদস্য নির্বাচনের সময় এলে তিনি আইন সভার সদস্য হবার জন্য ভোটে দাঁড়াতে চাইলেন। কিন্তু নির্বাচন কমিশন তাকে সে অনুমতি দিল না। এর কারণ কী?
i. ক নামক দেশের প্রচলিত আইনে তিনি নির্বাচনে প্রার্থী হওয়ায় যোগ্য নন
ii. লিংকন নাগরিক অধিকার থেকে বঞ্চিত
iii. লিংকন জন্মসূত্রে ঐ দেশের নাগরিক নন
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii
(গ) i ও iii (ঘ) ii ও iii

২৫. সংসদ প্রণীত আইনে রাষ্ট্রপতি কত দিনের মধ্যে সম্মতি প্রদান করেন?
(ক) ১৫ (খ) ১৬
(গ) ২০ (ঘ) ২১

২৬. প্রচলিত আইনে বিচারকার্য নিষ্পত্তি করতে ব্যর্থ হলে বিচারক কী করেন?
i. নিজস্ব বুদ্ধি ও প্রজ্ঞার সাহায্যে আইনের নতুন ব্যাখ্যা দেন
ii. নিজস্ব ন্যায়বোধ দ্বিয়ে তা মীমাংসা করেন
iii. আইনসভাকে নতুন আইন প্রণয়নের অনুরোধ করেন
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) iii

২৭. উৎপাদনের জন্য কয়টি উপাদান আবশ্যক?
(ক) ৩ (খ) ৪
(গ) ৫ (ঘ) ৬

২৮. সাগর, মহাসাগর কোন ধরনের সম্পদ—
i. জাতীয়
ii. সমষ্টিগত
iii. আন্তর্জাতিক
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) iii (ঘ) i ও iii

২৯. কোন ব্যাংক বিশেষ ঋণদানকারী সংস্থা?
(ক) সোনালী ব্যাংক (খ) অগ্রণী ব্যাংক
(গ) গ্রামীণ ব্যাংক (ঘ) বাংলদেশ ব্যাংক

৩০. ধনতান্ত্রিক অর্থ ব্যবস্থায় উৎপাদনকারীর লক্ষ্য কী?
(ক) অর্থ উপার্জন (খ) পুঁজি বৃদ্ধি
(গ) বাজার সৃষ্টি (ঘ) সর্বাধিক মুনাফা অর্জন

৩১. প্রতিভা সম্পদ হিসেবে পরিলক্ষিত না হওয়ার কারণ কী?
i. প্রতিভার উপযোগ নেই
ii. প্রতিভা পরিমাপ করা যায় না
iii. প্রতিভা হস্তান্তর করা যায় না
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) iii (ঘ) ii ও iii

৩২. কোনটি কেন্দ্রীয় ব্যাংকের অন্যতম প্রধান কাজ?
(ক) ঋণদান করা (খ) ঋণ নিয়ন্ত্রণ করা
(গ) আমানত গ্রহণ করা (ঘ) অর্থ স্থানান্তর করা

৩৩. বিজ্ঞানের প্রায়োগিক দিককে কী বলা হয়?
(ক) নগরায়ণ (খ) প্রযুক্তি
(গ) পরিবর্তন
(ঘ) যোগাযোগ ব্যবস্থার উন্নতি

৩৪. বাংলাদেশে কিশোর অপরাধ বৃদ্ধির কারণ—
(ক) শিক্ষার অভাব (খ) বেকার সমস্যা
(গ) জনসংখ্যার বিস্ফোরণ
(ঘ) পারিবারিক বিশৃঙ্খলা

নিচের উদ্দীপকটি পড় এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও :
শৈশব থেকেই পিতা-মাতার পারিবারিক দ্বন্দ্ব, ঝগড়া-বিবাদ ও মারামারির মধ্যে বড় হয়েছে লিমন। পিতা-মাতার বিবাহ-বিচ্ছেদের পর সে একাই বড় হয়েছে। এ সমস্যা থেকে পরিত্রাণ পেতে লিমন সমাজকর্মীর শরণাপন্ন হয়েছে।

৩৫. লিমনের এ সমস্যার কারণ কী?
(ক) যৌতুক প্রাপ্তির বাসনা
(খ) চরম দারিদ্র্যের মধ্যে বড় হওয়া
(গ) পাড়া প্রতিবেশির প্রভাব
(ঘ) শৈশবে বঞ্চনার অভিজ্ঞতা

৩৬. লিমনের পরিবারের জন্য সমাজকর্মী কী পদক্ষেপ নিতে পারেন—
i. সুস্থ পরিবার গঠন বিষয়ে উদ্বুদ্ধকরণ
ii. প্রচলিত আইন সম্পর্কে সচেতন করা
iii. আইন রক্ষাকারী বাহিনীর হাতে সোপর্দ করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৭. সমাজ ব্যবস্থায় নৈরাজ্য সৃষ্টির জন্য কোন কারণটি দায়ী?
(ক) চিত্তবিনোদনের অভাব
(খ) সামাজিক মূল্যবোধের অবক্ষয়
(গ) পারিবারিক বিশৃঙ্খলা
(ঘ) অপসংস্কৃতির অনুপ্রবেশ

৩৮. কত সালে নারীর অধিকারকে মানবাধিকার হিসেবে স্বীকৃতি দান করা হয়?
(ক) ১৯৯০ সালে (খ) ১৯৯১ সালে
(গ) ১৯৯২ সালে (ঘ) ১৯৯৩ সালে

৩৯. মেয়েদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নে সামাজিক পরিবর্তনের কোন উপাদানটি অধিক গুরুত্বপূর্ণ?
(ক) শিক্ষা (খ) শিল্পায়ন
(গ) নগরায়ণ (ঘ) প্রযুক্তিবিদ্যা

৪০. পদ্মা মেঘনার সাথে মিলিত হয়েছে কোথায়?
(ক) চাঁদপুর (খ) ভৈরব
(গ) গোয়ালন্দ (ঘ) আজমিরিগঞ্জ

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ঘ | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ক | ৯ | ক | ১০ | ক | ১১ | খ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | গ |
| ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | খ | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | ঘ | ৩৬ | ক | ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | ক |

Teachingbd.com